

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.০১৮—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব জনাব এনএম জিয়াউল আলম ১৯৮৪ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৭ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন।

০২। জনাব এনএম জিয়াউল আলম জেলা প্রশাসক খুলনা এবং বিভাগীয় কমিশনার সিলেট হিসাবে দক্ষতা ও সুনামের সঙ্গে কাজ করেন। তিনি গত ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার বিভাগের সচিব পদে নিযুক্ত হন এবং গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব হিসাবে পদোন্নতি প্রদান করা হয়। তিনি ২০১২ সালে 'ইনোভেশন অ্যাওয়ার্ড, ২০১৮ সালে 'জনপ্রশাসন পদক' ও 'শুদ্ধাচার পুরস্কার, ২০১৮-১৯' এবং 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক, ২০২২'-এ ভূষিত হন।

০৩। একজন প্রাজ্ঞ, বিচক্ষণ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব এনএম জিয়াউল আলম-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০৯ মাঘ ১৪২৯/২৩ জানুয়ারি ২০২৩ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৭৮৫ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

০৯ মাঘ ১৪২৯  
ঢাকা: ২৩ জানুয়ারি ২০২৩

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব জনাব এনএম জিয়াউল আলম ১৯৮৪ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৭ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন।

বর্ণাঢ্য কর্মজীবনে তিনি কেন্দ্রীয় এবং মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি জেলা প্রশাসক খুলনা এবং বিভাগীয় কমিশনার সিলেট হিসাবে দক্ষতা ও সুনামের সঙ্গে কাজ করেন। জনাব এনএম জিয়াউল আলম প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন। তিনি গত ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার বিভাগের সচিব পদে নিযুক্ত হন। জনাব এনএম জিয়াউল আলমকে গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব হিসাবে পদোন্নতি প্রদান করা হয়।

জনাব এনএম জিয়াউল আলম ২০১২ সালে সিলেট বিভাগের ডিজিটাইজেশন কার্যক্রমে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ‘ইনোভেশন অ্যাওয়ার্ড, ২০১২’-এ ভূষিত হন। এ ছাড়া, ২০১৮ সালে ‘জনপ্রশাসন পদক’ এবং ‘শুদ্ধাচার পুরস্কার, ২০১৮-১৯’ এবং ‘বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক, ২০২২’-এ ভূষিত হন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিবের দায়িত্বে থাকাকালীন উক্ত বিভাগ ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রথম স্থান অর্জন করে।

কর্মজীবনে জনাব এনএম জিয়াউল আলম সততা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত স্মার্ট বাংলাদেশ, রূপকল্প-২০২১ এবং রূপকল্প-২০৪১ বাস্তবায়নে তাঁর ভূমিকা প্রশংসনীয়।

একজন প্রাজ্ঞ, বিচক্ষণ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব এনএম জিয়াউল আলম-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।